

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ছিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪২৪) সাওম অবস্থায় স্বপ্নদোষ হলে কি সিয়াম বিশুদ্ধ হবে?

উত্তর: হ্যাঁ, তার সিয়াম বিশুদ্ধ হবে। কেননা স্বপ্পদোষ সাওম বিনষ্ট করে না। স্বপ্পদোষ তো মানুষের অনিচ্ছায় হয়ে থাকে। আর নিদ্রা অবস্থায় সংঘটিত বিষয় থেকে কলম উঠিয়ে নেওয়া হয়েছে। এ প্রসঙ্গে একটি সতর্কতা: বর্তমান যুগে অনেক মানুষ রামাযানের রাতে জেগে থাকে। কখনো আজেবাজে কর্ম এবং কথায় রাত কাটিয়ে দেয়। তারপর গভীর নিদ্রায় সমস্ত দিন অতিবাহিত করে; বরং মানুষের উচিৎ হচ্ছে, সাওমের সময়টাকে যিকির, কুরআন তিলাওয়াত প্রভৃতি আনুগত্যপূর্ণ ও আল্লাহর নৈকট্যদানকারী কাজে অতিবাহিত করা।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1098

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন